দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 JUL 2009
পৃষ্ঠা ৪ কলাম ৪

কক্সবাজার পলিটেকনিক বন্ধ ঘোষণা

# শিবির, ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে আধিপত্যের সংঘর্ষ ছড়িয়ে পড়ছে

॥ কক্সবাজার (উত্তর) সংবাদদাতা ॥

ছাত্র শিবির, ছাত্রলীগ ও ছাত্রদলের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে কক্সবাজারের শিক্ষাঙ্গন উত্তপ্ত হয়ে উঠেছে। গতকাল সোমবার ছাত্রশিবির ও ছাত্রলীগ কর্মীদের মধ্যে সংঘর্ষে কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউট ৪ দিনের জন্য বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। এর আগে রবিবার কক্সবাজার সরকারি কলেজে ছাত্রশিবির, ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মীদের মধ্যে ত্রিমুখী সংঘর্ষের ঘটনা ঘটে। এসব সংঘর্ষে ১৫/২০ জন ছাত্র আহত হয়েছে।

দীর্ঘদিন ধরে কক্সবাজারের প্রায় সবকটি শিক্ষাঙ্গনে শিবিরের আধিপত্য বিরাজমান। এজন্য শিবির চাইছে তাদের আধিপত্য অটুট রাখতে। অন্যদিকে, দেশের পরিবর্তিত প্রেক্ষাপটে ছাত্রলীগ ও ছাত্রদল নতুনদের দলে টেনে তাদের প্রভাব বিস্তারের লক্ষ্যে মোটিভেশনের কাজ করছে। রবিবার ছিল কক্সবাজার সরকারি কলেজের একাদশ শ্রেণীতে ভর্তি নবীন ছাত্র-ছাত্রীদের প্রথম ক্লাস। এদিন শিবির, ছাত্রলীগ ও ছাত্রদল নবীনদের তাদের দলে টানার জন্য ফুলেল শুভেচ্ছা ও কুশল বিনিময়ের উদ্যোগ নেয়।

**অভিযোগঃ** এ সময় শিবিরের সশস্ত্র কর্মী ও ক্যাডাররা ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মীদের উপর হামলা চালায়। এ ঘটনায় ছাত্রলীগ ও ছাত্রদলের ১০ কর্মী ও কয়েকজন সাধারণ ছাত্র আহত হয়। কক্সবাজার কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক রাশেদুল হক বাদি হয়ে ছাত্রশিবির কলেজ শাখার সভাপতি সরওয়ার কামাল সিকদারসহ ৩২ জনের বিরুদ্ধে মডেল থানায় অভিযোগ দায়ের করে। গতকাল সোমবার সকালে কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউটে আবার ছাত্রশিবির ও ছাত্রলীগের কর্মীদের মধ্যে সংঘর্ষ বেধে যায়। এতে উভয় পক্ষের ৫ জন আহত হয়। এ ঘটনায় শিবির কর্মী মারুফ জোয়ারদার বাদি হয়ে ছাত্রলীগের ২৩ নেতাকর্মীকে আসামি করে মডেল থানায় এজাহার দায়ের করেছে। এদিকে এ সংঘর্ষের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ ৪ দিনের জন্য কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করেছে। অন্যদিকে এসব খবর জেলার অন্যান্য শিক্ষাঙ্গনে ছড়িয়ে পড়লে বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে শিবির, ছাত্রলীগ ও ছাত্রদলের কর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দেয়।